


Dated: 21. 05. 2018

Enclosed is the news clipping appeared in the 'Aajkal,' a Bengali daily dated 21.05.2018, the news item is captioned 'সদ্য ইঞ্জিনিয়ারিং পাশ ছাত্রকে পিটিয়ে খুনের অভিযোগ'

Superintendent of Police, Purba Bardhaman is directed to enquire into the matter and to submit a report by 28<sup>th</sup> June, 2018.

  
(Justice Grish Chandra Gupta )  
Chairperson

Encl: News Item Dt.21.05.2018

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

# সদ্য ইঞ্জিনিয়ারিং পাশ ছাত্রকে পিটিয়ে খুনের অভিযোগ



ঘটনাস্থলে স্থানীয়দের ভিড়। এখানেই পাওয়া যায় রাহুল মল্লিককে।

বিজয়প্রকাশ দাস

পূর্ব বর্ধমান, ২০ মে

সদ্য ইঞ্জিনিয়ারিং পাশ করা এক ছাত্রের রহস্যজনক মৃত্যুকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য দেখা দিয়েছে শহর পূর্ব বর্ধমানে। মৃতের নাম রাহুল মল্লিক (২৫)। তাঁর বাড়ি দেওয়ানদিঘি থানার বাজেপ্রতাপপুর হরিনারায়ণপুর বিদ্যাসাগর পল্লিতে। দুর্গাপুর পলিটেকনিক ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে সদ্য পাশ করেছেন ছাত্রটি। গতকাল রাতে সাধনপুর বড় বুনিয়াদি স্কুলের কাছে রেল লাইনের পাশ থেকে রক্তাক্ত অবস্থায় তাঁকে উদ্ধার করে পুলিশ বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। রাত সাড়ে ১১টা নাগাদ তাঁকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা। এরপরই ওই যুবককে পরিকল্পিত ভাবে মারধর করে পিটিয়ে খুন করা হয়েছে বলে তাঁর পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

মৃত যুবকের কাকা দীনেশ মল্লিক জানান, শনিবার সন্ধ্যায় ফোন পেয়ে রাহুল বাড়ি থেকে বের হন। রাত সাড়ে ৯টা নাগাদ দুই যুবক বাড়িতে এসে বলে যায় তাঁর মৃতদেহ পড়ে আছে সাধনপুরের স্কুলের কাছে রেল লাইনের পাশে। সেখানে গিয়ে দেখা যায়, ভাইপোর শরীরে একাধিক আঘাতের চিহ্ন। বর্ধমান জিআরপি-কে ঘটনার কথা জানানো হলে তারা জানায়, সেটি রেলের জমি নয়। তার পর বর্ধমান থানায় জানানো হলে পুলিশ এসে তাঁকে তুলে নিয়ে যায়। দীনেশবাবু পুলিশের কাছে অভিযোগ করেছেন, তাঁর ভাইপো পাড়ার নেশাখোড় বাজে ছেলেদের সঙ্গে মেলামেশা করতেন না। তাই তাদের সঙ্গে বচসাও হয়। তখন তারা হুমকি দিয়েছিল। তাঁর আরও অভিযোগ, তাঁদের মোবাইলে একটি মেসেজ করে পাড়ারই একটি ছেলের নাম দিয়ে বলা হয়েছে, তাকে ধরলেই এই খুনের রহস্য সব জানা যাবে। কিন্তু তারপরই ওই ছেলেটি বেপাত্তা হয়ে যায়। পুলিশ বলেছে, তদন্ত চলছে। **ছবি: প্রতিবেদক**

